৩০০ ফিটে ডাকাতির খবর ভিত্তিহীন, বিভ্রান্ত না হওয়ার আহ্বান ডিএমপির



ছবি: সংগৃহীত

রাজধানীর ৩০০ ফিট সড়কে গাড়ি থামিয়ে ডাকাতির কোনো ঘটনা ঘটেনি বলে জানিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। এ ধরনের ঘটনা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়ানো তথ্যকে বিভ্রান্তিকর উল্লেখ করে জনসাধারণকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে সংস্থাটি।

সম্প্রতি একটি ফেসবুক পেজে '৩০০ ফিটে গাড়ি থামিয়ে ডাকাতি, ড্যাশক্যামে ধরা পড়ল ভয়ংকর মুহূর্ত!' শিরোনামে ১ মিনিট ৮ সেকেন্ডের একটি ভিডিও প্রকাশ করা হয়। তবে ভিডিওতে যে ডাকাতির কথা বলা হয়েছে, তার কোনো সত্যতা নেই বলে জানিয়েছে ডিএমপি।

পুলিশ বলছে, যাচাই ছাড়া চাঞ্চল্যকর শিরোনামে এমন সংবাদ বা ভিডিও প্রকাশে মানুষের মধ্যে অযথা আতঙ্ক তৈরি হতে পারে। কোনো ঘটনা প্রকাশের আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে তথ্য যাচাইয়ের জন্য গণমাধ্যমের প্রতি আহ্বান জানিয়েছে সংস্থাটি।

এ ধরনের অসমর্থিত তথ্য প্রচার থেকে বিরত থাকার পাশাপাশি সন্দেহজনক কোনো ঘটনা বা অপরাধের তথ্য নিকটস্থ থানা কিংবা জাতীয় জরুরি সেবা ৯৯৯-এ জানানোর অনুরোধ জানিয়েছে ডিএমপি।

LENS ASIA